## সমকাল

# ডাকসুর নির্বাচন কমিশন গঠন, যুক্ত চার নতুন পদ

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ও হল সংসদ নির্বাচনে ১০ সদস্যের নির্বাচন কমিশন গঠন করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। ডাকসুর সংশোধিত বিধিমালায় নতুন করে চারটি পদ যুক্ত করা হয়েছে। ডাকসুর উদ্দেশ্যে মুক্তিযুদ্ধের চেতনা ধারণের পাশাপাশি জুলাই গণঅভ্যুত্থানসহ গণতান্ত্রিক আন্দোলনের চেতনা প্রতিষ্ঠার কথা অন্তর্ভুক্ত করা হয়েছে।

সোমবার বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সভায় কমিশন গঠন এবং সংশোধিত বিধিমালা চূড়ান্ত অনুমোদন করা হয়। উপাচার্য নিয়াজ আহমেদ খান সভায় সভাপতিত্ব করেন। উদ্ভিদবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ জসীম উদ্দিনকে প্রধান রিটার্নিং কর্মকর্তা হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে। এ ছাড়া নির্বাচন পরিচালনায় প্রধান রিটার্নিং কর্মকর্তাকে সহায়তার জন্য আরও ৯ জন রিটার্নিং কর্মকর্তা রাখা হয়েছে।

অধ্যাপক জসীম উদ্দিন বলেন, আনুষ্ঠানিকভাবে দায়িত্ব বুঝে পাওয়ার পর বাকিদের নিয়ে সভা করে উপাচার্যের সঙ্গে পরামর্শক্রমে নির্বাচনের তারিখসহ যাবতীয় বিষয় এগিয়ে নেব। নতুন বিধিমালায় বলা হয়েছে– ক. ছাত্র সংসদের মূল লক্ষ্য হচ্ছে স্বাধীনতা আন্দোলন এবং ১৯৭১ সালের মুক্তিযুদ্ধের চেতনা ধারণ ও লালন করা। খ. বৈষম্য ও ফ্যাসিবাদের বিরুদ্ধে ২০২৪ সালের জুলাইয়ের গণঅভ্যুত্থানসহ বাংলাদেশের ইতিহাসে সংঘটিত সব গণতান্ত্রিক আন্দোলনের চেতনা প্রতিষ্ঠা করা। গ. পাঠ্য ও সহশিক্ষা কার্যক্রমে শিক্ষার্থীদের সর্বোচ্চ উৎকর্ষ অর্জনে সহযোগিতা করা।

**উদ্দেশ্যে যুক্ত হলো জুলাই গণঅভ্যুত্থান**

নির্বাচনে ভোটার ও প্রার্থী হওয়ার যোগ্যতার ক্ষেত্রে সুনির্দিষ্ট নির্দেশনা দেওয়া হয়েছে। শুধু ঢাকা বিশ্ববিদ্যালয়ের পূর্ণকালীন শিক্ষার্থী, যারা ভর্তি পরীক্ষার মাধ্যমে স্নাতকে ভর্তি হয়ে বর্তমানে স্নাতক, মাস্টার্স বা এমফিল পর্যায়ে অধ্যয়নরত এবং কোনো আবাসিক হলে অবস্থানরত বা সংযুক্ত, তারাই ভোটার বা প্রার্থী হতে পারবেন। বিধিমালার সবচেয়ে তাৎপর্যপূর্ণ অংশ হিসেবে এবার চারটি নতুন সম্পাদকীয় পদ যুক্ত করা হয়েছে ছাত্র সংসদে–গবেষণা ও প্রকাশনা সম্পাদক, ক্যারিয়ার ডেভেলপমেন্ট সম্পাদক, স্বাস্থ্য ও পরিবেশ সম্পাদক এবং মানবাধিকার ও আইনবিষয়ক সম্পাদক।

নতুন বিধিমালা অনুযায়ী, প্রত্যেক আবাসিক হল বা ক্যাম্পাসের উপযুক্ত স্থানে ভোটকেন্দ্র স্থাপন করা হবে। সংশ্লিষ্ট হলে সংযুক্ত শিক্ষার্থীরা নির্ধারিত বুথে ভোট দিতে পারবেন। ফলাফল ঘোষণার পর কেউ আপত্তি জানাতে চাইলে তিন কর্মদিবসের মধ্যে উপাচার্যের কাছে তা দাখিল করতে হবে। তাঁর সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

## সংগ্রাম

# ডাকসু নির্বাচন আয়োজনে ১০ সদস্যের কমিশন গঠন

**স্টাফ রিপোর্টার :** ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনের জন্য প্রধান রিটার্নিং কর্মকর্তা ও ৯ রিটার্নিং কর্মকর্তা নিয়োগ দিয়ে ১০ সদস্যের কমিশন গঠন করেছে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রশাসন।

গতকাল সোমবার (১৬ জুন) ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সভায় এই কমিশন গঠন করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর এক বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানিয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, উদ্ভিদবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ জসীম উদ্দিনকে প্রধান রিটার্নিং কর্মকর্তা হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে। ডাকসু সংবিধানের ৮(এফ) ধারার আওতায় বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান এ নিয়োগ প্রদান করেন।

প্রধান রিটার্নিং কর্মকর্তাকে সহায়তা করার লক্ষ্যে আরও নয়জন রিটার্নিং কর্মকর্তা নিয়োগ দেয়া হয়েছে। তারা হলেন- ১. অধ্যাপক ড. এ এস এম মহিউদ্দিন (মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভাগ)। ২. অধ্যাপক ড. গোলাম রব্বানী (সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট)। ৩. অধ্যাপক ড. কাজী মোস্তাক গাউসুল হক (তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগ)। ৪. অধ্যাপক ড. কাজী মারুফুল ইসলাম (উন্নয়ন অধ্যয়ন বিভাগ)। ৫. অধ্যাপক ড. নাসরিন সুলতানা (স্বাস্থ্য অর্থনীতি ইনস্টিটিউট)। ৬. অধ্যাপক ড. মো. শহিদুল ইসলাম (শহীদুল জাহীদ) (ব্যাংকিং অ্যান্ড ইন্স্যুরেন্স বিভাগ) ৭. অধ্যাপক ড. তারিক মনজুর (বাংলা বিভাগ)। ৮. অধ্যাপক ড. এস এম শামীম রেজা (গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ)। ৯. সহযোগী অধ্যাপক শারমীন কবীর (শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট)।

বিজ্ঞপ্তিতে বলা হয়, রিটার্নিং কর্মকর্তারা ভিসির সঙ্গে পরামর্শক্রমে নির্বাচন পরিচালনার পরবর্তী কার্যক্রম নির্ধারণ করবেন ও নির্বাচন প্রক্রিয়া এগিয়ে নেবেন।

## দেশ রুপান্তর

# ডাকসুর ১০ সদস্যের নির্বাচন কমিশন গঠন

ঢাবি প্রতিনিধি

শিক্ষার্থীদের দীর্ঘদিনের প্রতীক্ষার অবসান ঘটিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (ডাকসু) নির্বাচন কমিশন গঠন করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) উদ্ভিদবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ জসীম উদ্দিনকে চিফ রিটার্নিং অফিসার করে ১০ সদস্যবিশিষ্ট এ নির্বাচন কমিশন গঠন করা হয়। গতকাল সোমবার বিকেল ৫টায় বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ নীতিনির্ধারণী ফোরাম সিন্ডিকেটের এক সভায় এই কমিটি গঠন করা হয়।

তবে নির্বাচন কবে নাগাদ হতে পারে তা জানা যায়নি। বিশ্ববিদ্যালয় প্রশাসনের ভাষ্যমতে, নির্বাচন কমিশন পরিবেশ পরিস্থিতি বিবেচনা করে অতিসত্বর ডাকসু নির্বাচনের তারিখ ঘোষণা করবে। এর আগে গত ১৫ এপ্রিল ডাকসুর টাইমলাইন ঘোষণা করা হয়। এরপর ২ মাস পেরিয়ে গেলেও ডাকসুর অগ্রগতি না হও[illegible] বেশ কয়েকবার বিক্ষোভ ক[illegible] শিক্ষার্থীরা।

নির্বাচন কমিশনের অন্য সদস্যরা হ[illegible] মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভা[illegible] অধ্যাপক ড. এ এস এম মহিউদ্দি[illegible] সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউ[illegible] অধ্যাপক ড. গোলাম রব্বানী, উন্ন[illegible] অধ্যয়ন বিভাগের অধ্যাপক ড. কা[illegible] মারুফুল ইসলাম, তথ্যবিজ্ঞান ও গ্রন্থা[illegible] ব্যবস্থাপনা বিভাগের অধ্যাপক ড. কা[illegible] মোস্তাক গাউসুল হক, স্বাস্থ্য অর্থনী[illegible] ইনস্টিটিউটের অধ্যাপক ড. নাসরী[illegible] সুলতানা, ব্যাংকিং অ্যান্ড ইনস্যুরে[illegible] বিভাগের অধ্যাপক ড. শহীদুল ইসল[illegible] (শহীদুল জাহীদ), বাংলা বিভাগে[illegible] অধ্যাপক ড. তারিক মনজুর, গণযোগাযো[illegible] ও সাংবাদিকতা বিভাগের অধ্যাপক [illegible] এস এম শামীম রেজা এবং শিক্ষা [illegible] গবেষণা ইনস্টিটিউটের শারমীন কবীর[illegible]

## আলোকিত বাংলাদেশ

# ডাকসুর নির্বাচন কমিশন ঘোষণা

● ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (ডাকসু) নির্বাচন কমিশন গঠন করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ নীতিনির্ধারণী ফোরাম সিন্ডিকেটের নিয়মিত সভায় এ কমিশন গঠন করার সিদ্ধান্ত হয়েছে। গতকাল সোমবার বিকাল ৫টায় এ সিন্ডিকেট সভা অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) জনসংযোগ দপ্তরের উপ-পরিচালক ফররুখ মাহমুদের পাঠানো সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য নিশ্চিত করা হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনের জন্য উদ্ভিদবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ জসীম উদ্দিনকে চিফ রিটার্নিং কর্মকর্তা হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে। ডাকসু সংবিধানের ৮ (এফ) ধারার আওতায় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান এ নিয়োগ দেন। গতকাল ঢাবির সিন্ডিকেট সভায় এ নিয়োগ অনুমোদন করা

এরপর পৃষ্ঠা ২ কলাম ৪

### ডাকসুর নির্বাচন কমিশন

● ১ম পৃষ্ঠার পর

হয়। এতে আরও বলা হয়েছে, চিফ রিটার্নিং কর্মকর্তাকে সহায়তা করার লক্ষ্যে আরও ৯ জন রিটার্নিং কর্মকর্তাকে নিয়োগ দেওয়া হয়েছে। তারা হলেন- অধ্যাপক ড. এএসএম মহিউদ্দিন (মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভাগ), অধ্যাপক ড. গোলাম রব্বানী (সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট), অধ্যাপক ড. কাজী মোস্তাক গাউসুল হক (তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগ), অধ্যাপক ড. কাজী মারুফুল ইসলাম (উন্নয়ন অধ্যয়ন বিভাগ), অধ্যাপক ড. নাসরিন সুলতানা (স্বাস্থ্য অর্থনীতি ইনস্টিটিউট), অধ্যাপক ড. মো. শহিদুল ইসলাম (শহীদুল জাহিদ) (ব্যাংকিং অ্যান্ড ইন্স্যুরেন্স বিভাগ), অধ্যাপক ড. তারিক মনজুর (বাংলা বিভাগ), অধ্যাপক ড. এসএম শামীম রেজা (গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ) ও সহযোগী অধ্যাপক শারমীন কবীর (শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট)। তারা উপাচার্যের সঙ্গে পরামর্শক্রমে নির্বাচন পরিচালনার পরবর্তী কার্যক্রম নির্ধারণ করবেন ও নির্বাচন প্রক্রিয়া এগিয়ে নেবেন বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে। এরআগে ডাকসু নির্বাচনে ছয় সদস্যের একটি নির্বাচন কমিশন থাকলেও এবার কমিশনের সদস্য সংখ্যা বাড়িয়ে সর্বোচ্চ ১০ জন করা হয়েছে। নির্বাচন পরিচালনায় স্বচ্ছতা, গ্রহণযোগ্যতা ও সার্বিক সহায়তা নিশ্চিত করতে এ উদ্যোগ নেওয়া হয়েছে।

## কালের কণ্ঠ

# ডাকসু নির্বাচন কমিশন গঠন স্বাগত ছাত্রসংগঠনগুলোর

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ◊

দ্রুত নির্বাচন প্রত্যাশা

## The New Age

# Returning officers for DUCSU polls appointed

**DU Correspondent**

DHAKA University authorities on Monday appointed the chief returning officer and nine returning officers for holding the next Dhaka University Central Students' Union election.

The authorities appointed Professor Dr Mohammed Jasim Uddin of the Department of Botany as the chief returning officer.

The appointments were made by the university's vice chancellor Professor Dr Niaz Ahmed Khan under the provision of the DUCSU constitution.

The syndicate meeting of the university approved the appointments on Monday, according to a press release issued by the university's public relations office.

The nine returning officers are Professor ASM Mohiuddin of the Department of Soil, Water, and Environment, Professor Golam Rabbani of the Institute of Social Welfare and Research, Professor Kazi Mostak Gausul Hoq of the Department of Information science and Library Management, Professor Kazi Maruful Islam of the Department of Development Studies, Professor Nasrin Sultana of the Institute of Health Economics, Professor Md Shahidul Islam Zahid of the Department of Banking and Insurance, Professor Tariq Manzoor of the Department of Bangla, Professor SM Shameem Reza of the Department of Mass Communication and Journalism, and Associate Professor Sharmin Kabir of the Institute of Education and Research.

The returning officers will determine subsequent electoral procedures and carry forward the electoral process in consultation with the vice-chancellor, the release said.

Previously, there was a six-member DUCSU Election Commission. But, its size has been raised to 10 this time in a bid to ensure transparency, credibility, and overall support for the electoral process.

Dhaka University authorities also updated the regulations for the DUCSU and hall union elections as part of their preparations for the polls.

The updated regulations provide detailed guidelines regarding the objective, voter and candidate eligibility, and electoral process.

According to the updated regulations, the main goals and objectives of the students' unions are to uphold and foster the spirit of the struggle for liberation and the 1971 liberation war, to institutionalize the spirit of all democratic movements in Bangladesh's history, including that of the 2024 mass uprising, to aid students in attaining the highest excellence in their academic and extracurricular endeavors.

According to the updated constitution, four new secretary posts have been added to the student union. The posts are research and publication secretary, career development secretary, health and environment secretary, and human rights and legal affairs secretary.

## The Asian Age

# DUCSU election commission formed

**AA News Desk**

A 10-member Dhaka University Central Students' Union (DUCSU) Election Commission has been formed with Professor Dr. Mohammad Jasim Uddin of Botany Department as the Chief Returning Officer.

The committee was formed on Monday at a meeting of the university syndicate, a DU press release said.

The other members of the Election Commission are Professor Dr. ASM Mohiuddin of the Department of Soil, Water and Environment, Professor Dr. Golam Rabbani of the Institute of Social Welfare and Research, Professor Dr. Kazi Maruful Islam of the Department of Development Studies, Professor Dr. Kazi Mostaq Ghausul Haque of the Department of Information Science and Library Management and Sharmin Kabir of the Institute of Education and Research.